



ইরান-যুক্তরাষ্ট্র সমঝোতার শর্ত জানে না ইসরায়েল: নেতানিয়াহু



ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সম্ভাব্য পারমাণবিক সমঝোতা নিয়ে ইসরায়েল এখনো পূর্ণাঙ্গ তথ্য পায়নি বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। সোমবার এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

নেতানিয়াহু বলেন, কোনো চুক্তি হলেও ইরানকে পারমাণবিক অস্ত্র অর্জন করতে দেওয়া হবে না। তিনি দাবি করেন, সাম্প্রতিক সামরিক অভিযানে ইরানের পারমাণবিক স্থাপনা, ক্ষেপণাস্ত্র অবকাঠামো ও সামরিক সক্ষমতা ক্ষতিগ্রস্ত হয়েছে।

তিনি বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ থাকলেও সব বিষয়ে দুই দেশের অবস্থান এক নয়। তবে ইসরায়েলের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত থাকবে। লেবানন সীমান্তসহ বিভিন্ন এলাকায় সামরিক উপস্থিতি বজায় রাখার কথাও জানান তিনি। পাশাপাশি ভবিষ্যতের সম্ভাব্য হুমকি মোকাবিলায় প্রস্তুত থাকার ওপর গুরুত্বারোপ করেন। এদিকে নেতানিয়াহুর বক্তব্যের সমালোচনা করেছেন বিরোধী নেতা গাদি আইজেনকোট। তিনি বলেন, দীর্ঘ সময় ধরে চলা সংঘাতের পরও কাজক্ষিত লক্ষ্য অর্জিত হয়নি। একই সঙ্গে ইরানকে ভবিষ্যতেও ইসরায়েলের জন্য বড় হুমকি বলে উল্লেখ করেন তিনি।